

Kumudini Bulletin

January-April 2017

কুমুদিনী বুলেটিন

জানুয়ারি – এপ্রিল ২০১৭

কেপিএল-এর ১৪তম বার্ষিক বিক্রয় ও বিপণন কনফারেন্স 14th Annual Sales & Marketing Conference of KPL Held



Mr Rajiv Prasad Shaha, Managing Director of Kumudini Welfare Trust, delivering his speech as the chief guest of the '14th Sales & Marketing Conference' of KPL.

গত ২০ ফেব্রুয়ারি নারায়ণগঞ্জে কুমুদিনী কমপ্লেক্স প্রাঙ্গণে কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল)-এর ১৪তম বার্ষিক বিক্রয় ও বিপণন কনফারেন্স-২০১৬ অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথির আসন অলংকৃত করেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (কেডব্লিউটি)-এর ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

বার্ষিক এই কনফারেন্সে কেপিএল ব্যবস্থাপনার ঊর্ধ্বতন কর্মকর্তাসহ মাঠ পর্যায়ের মোট ১৯টি অঞ্চলের সাত শতাধিক কর্মকর্তা অংশ নেয়। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে ছিলেন আরএসএম, এরিয়া ম্যানেজার, এমপিও প্রমুখ।

সকাল সাড়ে ন'টায় পবিত্র ধর্মগ্রন্থাদির নির্বাচিত অংশ পাঠের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কেপিএল-এর প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) অলিক কৃষ্ণ রায়।

ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা দেশের দূর-দূরান্ত থেকে আগত কনফারেন্সে অংশগ্রহণকারী সবাইকে স্বাগত জানিয়ে The 14th Annual Sales & Marketing Conference of KPL was held on 20 February at the premises of Kumudini Complex at Narayanganj. Mr Rajiv Prasad Shaha, Managing Director Kumudini Welfare Trust was the chief guest on the occasion.

Along with the senior officers of KPL more than 700 field officers from 19 regions participated in the conference. Those belonging to the field level included RSMs, Area Managers and MPOs.

The programme began at 9.30 am with the recitation of selected text from religious books. The programme was inaugurated by Mr Alik Krishna Roy, CEO of KPL.

MD of KWT began his speech by welcoming all the participants who had joined the conference from all over the country. He spoke on the traditions of Kumudini.



তাঁর বক্তৃতা শুরু করেন। তিনি কুমুদিনীর ঐতিহ্য সম্পর্কে আলোকপাত করেন। মি. সাহা বলেন, রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অনেক অসুবিধা সত্ত্বেও কুমুদিনী স্বাস্থ্য ও শিক্ষা ক্ষেত্রে তার কল্যাণমূলক কাজ অব্যাহত রেখেছে। সেবাকার্যে কুমুদিনীর কখনও কোনো প্রকার বিচ্যুতি ঘটেনি। তিনি প্রসঙ্গক্রমে কেপিএল–এর সাম্প্রতিক অগ্রগতি সম্পর্কে আলোকপাত করতে গিয়ে কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশ্যে বলেন, কেপিএল–কে একটি সাধারণ কোম্পানি মনে করে নয় বরং কুমুদিনী পরিবারের একটি প্রতিষ্ঠান মনে করে এর উন্নতির জন্য কাজ করে যেতে হবে।

ব্যবস্থাপনা পরিচালক বলেন, আগামী দিনগুলোতেও তিনি কুমুদিনী ফার্মা লিঃ-এর সার্বিক কর্মকাণ্ডের সঙ্গে নিজেকে সম্পৃক্ত রাখবেন। কেপিএল-এর বর্তমান অগ্রগতির প্রেক্ষিতে তিনি প্রতিটি কর্মকর্তা-কর্মচারীর কঠোর পরিশ্রম ও আন্তরিকতার ভ্রসী প্রশংসা করেন। শ্রোতা-দর্শকদের তুমুল করতালি ও হর্ষধ্বনির মধ্যে অনুষ্ঠানের প্রধান অতিথি ও ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা কেপিএল-এর কর্মকর্তা-কর্মচারীদের জন্য 'গ্রাচুইটি' প্রদানের ঘোষণা দিয়ে তাঁর বক্তৃতা শেষ করেন।

পক্ষান্তরে, কেপিএল–এর সিইও অলিক কৃষ্ণ রায় কনফারেসের উদ্বোধনকালে বলেন, গত ২৫ বছরের দীর্ঘ পথ পরিক্রমা শেষে এই কোম্পানিটি ধাপে ধাপে বর্তমান পর্যায়ে উন্নীত হয়েছে। তিনি বলেন, কেপিএল হঠাৎ গজিয়ে ওঠা কোনো কোম্পানি নয়। মান-সম্পন্ন ওষুধ উৎপাদন করে তা ভোক্তার নিকট পৌছানোকে আমরা সেবামূলক কাজের অঙ্গ হিসেবে মনে করি।

মার্কেটিং ম্যানেজার পুলক কুমার পাল দেশের বিভিন্ন অঞ্চলের বিক্রয় কর্মকাণ্ড সম্পর্কে বিশদ আলোচনা করেন। তিনি মাঠ পর্যায়ের সর্বস্তরের কর্মকর্তাদের কেপিএল–এর ওষুধ বিপণনে আরও সক্রিয় ভূমিকা পালনে উদ্বন্ধ করেন এবং কোম্পানির উন্নতিকল্পে তাদের দিক-নির্দেশনা দেন।

কনফারেন্সে অন্যান্যদের মধ্যে বক্তৃতা করেন কেপিএল–এর উপ-প্রধান সমন্বয়কারী সুব্রত সাহা এবং ম্যানেজার পিএমডি এম আনসারুল ইসলাম। পরিশেষে গত বছর কেপিএল–এর যে ২২ জন মাঠ পর্যায়ের কর্মকর্তা কোম্পানির খরচে নেপাল সফরে গিয়েছিলেন তাদের প্রত্যেককে

সনদপত্র প্রদান করা হয়।
এছাড়া উল্লেখযোগ্য
অর্জনের স্বীকৃতি স্বরূপ
কোম্পানির কয়েকজন
কর্মকর্তাকে নগদ অর্থে
পুরস্কৃত করা হয়।

প্রীতিভোজ শেষে কনফারেসের দিতীয় পর্বের বিনোদনমূলক অনুষ্ঠান শুরু হয় বিকেল ৬টায়। এতে ছিল র্যাফেল ড্র, সাংস্কৃতিক অনুষ্ঠান, পরস্পরের মধ্যে ভাব বিনিময় ইত্যাদি। অনুষ্ঠানের সমাপ্তি ঘটে সন্ধ্যে সাতে সাতেটায়।

Mr Shaha said that despite the difficulties in social, economic and political fields Kumudini has kept on its work in the field of health and education. Kumudini had never failed in its commitment in the services. While speaking on the progress made by KPL he stressed upon the fact that KPL should not be considered as any other company rather as an institution of Kumudini family hence all should work with that goal in mind.

MD, KWT said that in the days ahead he would involve himself more intimately with the general activities of KPL. He sincerely praised the hard work done by the officers and employees in ensuring the progress of KPL. In the midst of clapping and applause the chief guest Mr Rajiv Prasad Shaha ended his speech declaring "gratuity" for the officers and employees of KPL.

While inaugurating the conference Mr Alik Krishna Roy, the COE of KPL said that the company had progressed to this level in a step by step manner in the last 25 years. He said that KPL did not come into existence all on a sudden. We consider manufacturing and delivery of quality medicine to the consumers as a service.

Marketing Manager Mr Pulak Kumar Paul discussed in detail the sales activities of different areas of the country. He spelt out guidelines for the field officers in connection with more aggressive marketing as well as ideas which would bring progress to the company.

Among others who spoke on the occasion included Deputy Chief Coordinator of KPL Mr Subrata Saha and Manager PMD Mr M Ansarul Islam.

Finally certificates were distributed among the 22 field officers of the company who had visited Nepal at the

expense of the company. In addition some of the officers of the company were rewarded with cash in recognition of their achievement.

The 2nd phase of the programme began at 3 pm after lunch break which included raffle draw, cultural programme etc. The programme ended at 7:30 in the evening. •




Marketing Personnel are rejoicing at the 2nd phase of the conference.



কুমুদিনীর তৈরি হস্তশিল্প পণ্য ডাবলিউডাবলিউসি কর্তৃক পুরস্কৃত

Kumudini Handicrafts Earn WWC Award



'WWC Award of Excellence' for Kumudini Handicrafts.

কুমুদিনী হ্যান্ডিক্র্যাফ্ট এর তৈরি পণ্য এশীয় প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ওয়ার্ল্ড ক্র্যাফট কাউন্সিল কর্তৃক আয়োজিত ২০১৬ সালের অ্যাওয়ার্ড প্রোগ্রামে WCC Award of Excellence for 2016 অর্জন করেছে।

প্রতিযোগিতার জন্য কুমুদিনী হ্যান্ডিক্র্যাফ্ট একটি বিশেষ ধরনের 'সিল্ক স্কার্ফ' প্রেরণ করে। কুমুদিনী হ্যান্ডিক্র্যাফ্ট এর শিল্পীদের তৈরি 'স্কার্ফ'টির নক্শাবিদ ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা।

উৎকর্ষতা, অকৃত্রিমতা, নতুনত্ব ও বিপণনযোগ্যতার বিচারে জুরিবৃন্দ কুমুদিনীর শিল্পকর্মটি পুরস্কারের জন্য মনোনীত করেন। আর পূর্বশর্ত হিসেবে তারা পরিবেশবান্ধব ও সামাজিক দায়িত্ববোধের বিষয় দুটিও বিবেচনা করেছেন। জুরিবৃন্দ 'সিল্ক স্কার্ফ'টির কোমল রঙ, নক্শা, সূচিকর্ম ও নিখুঁত ফিনিশিংয়ের ভূয়সী প্রশংসা করেন।

উল্লেখ্য, বিভিন্ন দেশ থেকে সর্বমোট ২৪৬টি শিল্পকর্ম উক্ত প্রতিযোগিতায় পাঠানো হয়েছিল। • Items produced by Kumudini Handicrafts have won the WCC Award of Excellence for 2016 arranged by the World Crafts Council of the Asia Pacific region. A special "silk scarf" made by Kumudini Handicrafts was sent in the competition. The artisans of Kumudini Handicrafts worked on the design made by the Mrs Srimati Shaha, Director of Kumudini Welfare Trust.

The prize was based on the uniqueness, originality, modernity and salability criteria as determined by the jury. As a precondition the issue of environmental friendliness as well as social commitment was also considered. The jury lauded the mild colour, design, needlework as well as the fine finishing of the product. A total of 246 items of artwork from various countries were sent for participation in the competition. •



মধুলিকা রাওয়াতের কুমুদিনী হ্যান্ডিক্রাফটের Madhulika Rawat Visits Kumudini প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র পরিদর্শন

Handicrafts Sales & Display Centre



Mrs Madhulika Rawat and Mrs Bindu Nanda with the officials of Kumudini Wellfare Trust while visiting Sales & Display Centre of Kumudini Handicrafts at Gulshan, Dhaka.

ভারতের সেনাবাহিনীর প্রধান জেনারেল বিপিন রাওয়াতের স্ত্রী মধুলিকা রাওয়াত গত ২ এপ্রিল কুমুদিনী হ্যান্ডিক্রাফটের গুলশানস্থ প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্রটি পরিদর্শন করেন। তাঁর সঙ্গে ছিলেন ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের প্রতিরক্ষা উপদেষ্টার স্ত্রী বিন্দু নন্দা।

মিসেস রাওয়াত প্রদর্শনী কেন্দ্রটির বিভিন্ন বিভাগ ঘুরে ঘুরে দেখেন এবং কুমুদিনীর তৈরি শাড়ি, পাঞ্জাবি ও অন্যান্য গৃহস্থালি জিনিসপত্র দেখে মুগ্ধ হন। কুমুদিনী মহিলাদের স্থনির্ভর হতে যেভাবে সহযোগিতা করে যাচ্ছে তা জেনে তিনি ভূয়সি প্রশংসা করেন।

প্রদর্শনী কেন্দ্রটি পরিদর্শনকালে তিনি কুমুদিনী সম্পর্কিত স্বল্প দৈর্ঘ্যের একটি ভিডিও দেখে এই সংস্থাটি সম্পর্কে একটি ধারণা অর্জন করেন। ভবিষ্যতে পুনরায় বাংলাদেশ সফরে এলে তিনি মির্জাপুরে কুমুদিনী কমপ্রেক্স পরিদর্শনে যাবার আশা ব্যক্ত করেন।

উল্লেখ্য, মধুলিকা রাওয়াত গত ৩১ মার্চ তাঁর স্বামী জেনারেল বিপিন রাওয়াতের সফর সঙ্গী হয়ে তিন দিনের জন্য বাংলাদেশ সফরে আসেন। বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল আবু বেলাল মোহাম্মদ শফিউল হকের আমন্ত্রণক্রমে তাঁরা বাংলাদেশে শুভেচ্ছা সফরে এসেছিলেন।

Mrs Madhulika Rawat the wife of the Indian Army Chief General Bipin Rawat visited Kumudini Handicrafts (KH) Sales & Display Centre at Gulshan on 2 April 2017. She was accompanied by Mrs Bindu Nanda the wife of the Defence Adviser at the Indian High Commission in Dhaka.

Mrs Rawat went round the different sections of the centre. She was very pleased with products on display which included Saris, Punjabis and other household items. She praised the manner in which Kumudini has always been trying to help the disadvantaged women achieve self dependency.

During the visit she was shown a video clip on Kumudini Welfare Trust highlighting the history of the Trust and the welfare activities that the Trust is involved in. She expressed her desire for visiting Kumudini Complex at Mirzapur should she come to Bangladesh again. Mrs Madhulika Rawat came to Bangladesh on 31 March on a 3-day visit accompanying her husband General Bipin Rawat. They visited Bangladesh on an invitation from Bangladesh Army Chief General Abu Belal Muhammad Shafiul Huq. •



রাজীব প্রসাদ সাহা রিলায়েন্স ইন্যুরেন্সের চেয়ারম্যান নির্বাচিত

Rajiv Prasad Shaha Elected Chairman of Reliance Insurance

কুমুদিনীর ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা রিলায়েঙ্গ ইঙ্গ্যুরেঙ্গ লিঃ এর নয়া চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন। পক্ষান্তরে, ভাইস চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন ট্রাঙ্গকম গ্রুপের অন্যতম পরিচালক শামসুর রহমান। গত ৩০ এপ্রিল ঢাকার লেকশোর হোটেলে অনুষ্ঠিত কোম্পানির ২৯তম বার্ষিক সাধারণ সভায় এই নির্বাচন অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, মি. সাহা ২০০০ সালের

উল্লেখ্য, মি. সাহা ২০০০ সালের জানুয়ারি থেকে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লিঃ এর ব্যবস্থাপনা পরিচালকের দায়িত্ব পালন করে আসছেন। ইতোপূর্বে ১৯৯৭ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত এই ট্রাস্টেরই অন্যতম পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। মি. সাহা রিলায়েঙ্গ ইন্যুরেঙ্গ কোম্পানির একজন স্পনসর ডিরেক্টর।



Mr Rajiv Prasad Shaha, the present Chairman of Reliance Insurance Ltd.

Mr Rajiv Prasad Shaha the Director Managing Kumudini Welfare Trust (KWT) has been elected as the Chairman of Reliance Insurance Ltd. On the other hand Mr Shamsur Rahman Director of Transcom Group has been elected the Vice Chairman. The election was held during the 29th annual general meeting at Lake Shore Hotel in Dhaka on 30 April.

It may be mentioned that Mr Shaha is functioning as the Managing Director of Kumudini Welfare Trust since 2000. He was the Director of the Trust from 1997 to 1999. Mr Shaha is one of the sponsor directors of Reliance Insurance.

কুমুদিনীতে জাতীয় পাট দিবস: ২০১৭ উদ্যাপিত

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের উদ্যোগে দেশে প্রথমবারের মতো গত ৬ মার্চ জাতীয় পাট দিবস:২০১৭ উদ্যাপিত হয়েছে। দিবসটির নির্ধারিত শ্রোগান ছিল 'সোনালী আঁশের সোনার দেশ, পাট পণ্যের বাংলাদেশ'। জাতীয় পাট দিবস উদ্যাপনে সরকারি সিদ্ধান্তের আলোকে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অত্যন্ত গুরুত্বের সঙ্গে দিবসটি পালন করেছে। এ উপলক্ষে প্রতিষ্ঠানটি নারায়ণগঞ্জের খানপুর ও শীতলক্ষ্যায় নিজস্ব পাট স্থাপনায় আলোকসজ্জার ব্যবস্থা করে। এছাড়া নারায়ণগঞ্জস্ব 'বাংলাদেশ পাট এসোসিয়েশন' এর উদ্যোগে বের করা হয় একটি রয়ালি যাতে অংশ নেয় কুমুদিনীর পাটশ্রমিক ও কর্মচারী-কর্মকর্তাবৃদ্দ।

Kumudini Celebrates National Jute Day: 2017

Textile & Jute Ministry arranged observance of 'National Jute Day: 2017' on 6 Mar 2017. The slogan of the day was 'Golden country of golden fiber, Bangladesh of jute material.'

In light of the Government decision on observance of National Jute Day, Kumudini Welfare Trust, observes this day with a lot of importance. On this occasion the premises of the Trust at Khanpur and Shitalakhya were illuminated. In addition, a rally was brought out by "Bangladesh Jute Association" located at Narayanganj which was participated by the jute labourers, employees and officers of Kumudini.



সোনালী আঁশ খ্যাত পাট বাংলাদেশের গুরুত্বপূর্ণ অর্থকরী ফসল।
পাটখাত দেশের বৈদেশিক মুদ্রা অর্জনকারী অন্যতম খাত। পাটের
সাথে বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতি জড়িত। এটি বিশ্ব বাজারে
একটি অনন্য পরিবেশবান্ধব পণ্য হিসেবে সমাদৃত। পাট শিল্পের সাথে
কুমুদিনীর সম্পর্ক দীর্ঘ ৭২ বছরের। ১৯৪৫ সালে কুমুদিনী
ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা
নারায়ণগঞ্জের স্কটিশ ফার্ম জর্জ হ্যান্ডারসন এন্ড কোম্পানির কাছ
থেকে তাদের পাট সংক্রান্ত সমুদয় সম্পত্তি ক্রয় করে নেন। সেই
থেকে কুমুদিনী এদেশে পাট ব্যবসার কেন্দ্রবিন্দুতে পরিণত হয় এবং
কয়েক দশক যাবত পাটখাতে বাংলাদেশের বৈদেশিক মুদ্রা অর্জনে
মুখ্য ভূমিকা পালন করে আসছে।

উল্লেখ্য, গত ৯ মার্চ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় পাট দিবস:২০১৭ উদ্যাপন উপলক্ষে ঢাকার খামার বাড়িতে বাংলাদেশ কৃষিবিদ ইনস্টিটিউশনে বহুমুখী পাটপণ্য মেলার উদ্বোধন করেন। তাছাড়া দিবসটি উপলক্ষে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পক্ষ থেকে জাতীয় দৈনিকসমূহে বিশেষ ক্রোড়পত্র বের করা হয়। এতে অন্যান্যদের মধ্যে মাননীয় রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী বাণী প্রদান করেন।

Jute which is known as the golden fiber is one of the important cash crops of Bangladesh. Jute sector is an important foreign exchange earning source. Jute is related with the history and culture of Bangladesh. It is recognized as an important environment friendly material in the world market. Kumudini is connected with the jute industry for the last 72 years. In 1945 philanthropist Ranada Prasad Shaha the founder of Kumudini Welfare Trust bought all assets of the Narayanganj-located Scottish firm George Henderson & Co which were connected with jute trade. Since then Kumudini has been in the centre point of jute business and jute has been playing a major role in the foreign exchange earning of Bangladesh.

On 9 March Prime Minister Sheikh Hasina inaugurated the jute products fair at the Krishibid Institution located at Khamarbari in Dhaka on the occasion of 'National Jute Day: 2017.' In addition special supplements were brought out by the national dailies on behalf of the concerned ministry.



A rally at Narayanganj on 'National Jute Day: 2017' brought out by Bangladesh Jute Association and employees of Kumuduni's Jute Division.



অসুস্থদের সেবায় সিএইচআরএফ-এর পাঁচ বছর

Five Years of Service to the Patients by CHRF



Officers and employees of CHRF Centre at Kumudini Hospital.

সম্প্রতি কুমুদিনী হাসপাতালে স্থাপিত অত্যাধুনিক রোগ নির্ণয় ও গবেষণাকেন্দ্র 'চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন (সিএইচআরএফ)'-এর পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে।

এ উপলক্ষে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক ভাষা সৈনিক প্রতিভা মুৎসুদ্দি সিএইচআরএফ ল্যাবের অফিস কক্ষে প্রতিষ্ঠাবার্ষিকীর কেক কার্টেন।

এ সময় কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, সিএইচআরএফ-এর পরিচালক ড. সমীর কুমার সাহা ও মাকসুদা ইসলাম, ল্যাবের প্রধান প্রশাসনিক কর্মকর্তা আসিফুর রহমান মজুমদারসহ বিভিন্ন বিভাগের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কুমুদিনী হাসপাতালে ভর্তি, রোগীদের থাকা-খাওয়া ও চিকিৎসকের সেবা হাসপাতাল কর্তৃপক্ষ বহন করে থাকেন। এছাড়া বহির্বিভাগে চিকিৎসা নিতে আসা রোগীদের নামমাত্র মূল্যে টিকিট দিয়ে বিশেষজ্ঞ চিকিৎসকের সেবা দেয়ায় প্রতিদিন দেশের বিভিন্ন এলাকা থেকে শত শত মানুষ এই হাসপাতালে চিকিৎসা নিতে আসেন। কুমুদিনী হাসপাতালে চিকিৎসা নিতে আসা রোগীদের সঠিকভাবে রোগ নির্ণয়ের মাধ্যমে উন্নত চিকিৎসা সেবা দেয়ার লক্ষ্যে কুমুদিনী হাসপাতাল ও চাইল্ড হেলথ রিসার্চ ফাউন্ডেশন যৌথভাবে হাসপাতালের বহির্বিভাগে ২০১২ সালের ৩০ জানুয়ারি রোগ নির্ণয়ের জন্য অত্যাধুনিক এই ল্যাবটি প্রতিষ্ঠা করে।

The fifth foundation anniversary of the modern diagnostic and research centre "Child Health Research Foundation (CHRF)" located at Kumudini Hospital was observed recently. On this occasion a cake was cut by Director KWT Ms Protiva Mutsuddy at the CHRF lab office. Those present on the occasion included Director of Kumudini Hospital Dr Dulal Chandra Podder, Director CHRF Dr Shamir Kumar Saha and Maksuda Islam, the Chief Administrative Officer of the Lab Asifur Rahman Mazumdar and officers from different departments.

All expenses related to admission, food & lodging, treatment at Kumudini Hospital is borne by KWT. Hundreds of patients from far and wide come to Kumudini Hospital everyday for treatment as because they get the services of specialized doctors at a very nominal cost. This modern lab was set up jointly by Kumudini Hospital and CHRF to provide high end diagnostic services to the patients on 30 January 2012.



নামমাত্র মূল্যে রোগ নির্ণয়, প্রতিকার ও গবেষণার জন্য অত্যাধুনিক এই ল্যাবে তিনটি ইউনিট রয়েছে। এগুলো হলো মাইক্রোবায়োলজি এন্ড সেরোলজি, বায়োকেমিস্ট্রি এবং ক্রিনিক্যাল প্যাথলজি।

মাইক্রোবায়োলজি অ্যান্ড সেরোলজি বিভাগের প্রধান দক্ষিণ আফ্রিকাথেকে প্রশিক্ষণপ্রাপ্ত সৌমিত্র চক্রবর্তী জানান, প্রতিদিন মানুষ নাম না জানা নতুন নতুন ব্যাকটেরিয়ায় আক্রান্ত হয়ে অসুস্থ হচ্ছে। মাইক্রোবায়োলজি এন্ড সেরোলজি বিভাগ এই সব ব্যাকটেরিয়া শনাক্ত করার পর আক্রান্ত রোগীকে কোন এন্টিবায়োটিক প্রয়োগ করতে হবে তা নির্ণয়ে কাজ করে থাকে।

বায়োকেমিস্ট্রি বিভাগের প্রধান সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতাল থেকে প্রশিক্ষণপ্রাপ্ত ঢাকা শিশু হাসপাতালের প্যাথলজি বিভাগের সাবেক সদস্য হাবিবুর রহমান বলেন, মানুষের শরীরে ইনফেকশন বা রোগ হলে শরীরের কেমিক্যাল ব্যালেঙ্গে হেরফের হয়। যেটা বেশি থাকার কথা, সেটা কমে যায়। যেটা কম থাকার কথা, সেটা বেড়ে যায়। মানবদেহের এই ব্যালেঙ্গ—ইমব্যালেঙ্গ নির্ণয়ের মাধ্যমে রোগ শনাক্ত করা আমাদের এই বিভাগের মাধ্যমে করা হয়। রোগ শনাক্তর পর চিকিৎসক সে মতো রোগীদের ব্যবস্থাপত্র দিয়ে থকেন। ক্রিনিক্যাল প্যাথলজি বিভাগের প্রধান মেহজাবীন ফেরদৌস রাহা বলেন, আমাদের শরীরে অনেক কোষ থাকে। এর মধ্যে কিছু কিছু কোষ শরীরের জীবাণু ধ্বংস করে আবার কিছু কিছু কোষ রক্ত জমাট বাঁধায়। ক্রিনিক্যাল প্যাথলজি বিভাগে মাইক্রোম্কোপিং বা অনুবীক্ষণ যন্ত্রের সাহায্যে শরীরের বিভিন্ন সেল বা কোষ পরীক্ষা হয়ে থাকে। অনুবীক্ষণ যন্ত্র এবং স্বয়ংক্রিয় আরো কিছু যন্ত্রের সাহায্যে আমাদের এই বিভাগে শরীরের কোষ কম বেশি নির্ণয় করা হয়ে থাকে।

মির্জাপুর কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার বলেন, দানবীর রণদা প্রসাদ সাহা প্রতিষ্ঠিত এই হাসপাতালে বিনামূল্যে রোগীদের থাকা-খাওয়ার ব্যবস্থাসহ ভর্তি, রোগীদের চিকিৎসা সেবাও বিনামূল্যে হয়ে থাকে। সেজন্য প্রতিদিন দেশের বিভিন্ন প্রান্ত থেকে এই হাসপাতালে অসুস্থরা চিকিৎসা নিতে আসেন। তাদের উন্নত চিকিৎসা দিতে পাঁচ বছর আগে এই ল্যাব প্রতিষ্ঠা করা হয়। অত্যাধুনিক এই ল্যাব হওয়ায় রোগ নির্ণয় করা অনেক সহজ হয়েছে। আর অসুস্থ মানুষের সেবা দিতে পারায় কুমুদিনী পরিবারও অনেক খুশি বলে তিনি উল্লেখ করেন।

This modern lab is composed of three units and it provides services at a nominal cost. The three units are Microbiology & Serology, Biochemistry and Clinical Pathology.

Mr Saumitra Chakraborty the head of Microbiology & Serology department who had been trained in South Africa informed that everyday people are getting ill being infected with unknown bacteria. Microbiology & Serology department identifies these bacteria and suggest the type of antibiotic that would be needed to treat those infected patients.

Mr Habibur Rahman the head of Biochemistry department who had been trained at Mount Elizabeth Hospital, Singapore informed that when people get infected the chemical balance of the body gets disturbed. That which needs to remain less increases and that which needs to remain high reduces. This balance-imbalance determination is the job of this department. On determination of this the doctors make prescription.

Ms Mehzabin Ferdous Raha the head of Clinical Pathology department informed that our bodies contain a lot of cells. Of these, some cells destroy bacteria and some coagulate blood. Clinical Pathology department carries out examination of cell with the help of microscope and other instruments.

Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder said the establishment of this modern diagnostic centre has helped in identifying the diseases easily. Kumudini family is also pleased to provide the services to the patients.



বিশ্ব রোগী ও স্বাস্থ্যকর্মী দিবস পালিত

World Patient & Health Worker Day Observed



Nurses and health workers rendering prayer songs.

কুমুদিনী হাসপাতালে গত ১১ ফেব্রুয়ারি পালিত হয়েছে বিশ্ব রোগী ও স্বাস্থ্যকর্মী দিবস। এ উপলক্ষে হাসপাতালের বিভিন্ন ওয়ার্ড প্রাঙ্গণ দৃষ্টিনন্দন করে সাজানো হয়। সেবক-সেবিকা ভাইবোনেরা হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের নিকট দিবসটির তাৎপর্য ব্যাখ্যা করেন।

এ উপলক্ষে ঐ দিন বিকেলে নার্সিং স্কুলে বিশেষ প্রার্থনা সভার আয়োজন করা হয়। বিভিন্ন ধর্মগ্রন্থ থেকে পাঠ সহ পরিবেশিত হয় প্রার্থনা সঙ্গীত। প্রজ্জ্বলন করা হয় মোমবাতি। এতে হাসপাতালের সেবিকা, চিকিৎসাধীন রোগী, কুমুদিনী নার্সিং স্কুল এভ কলেজের শিক্ষিকাগণ অংশ নেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন নার্সিং স্কুল ও কলেজের ভাইস প্রিঙ্গিপাল শেফালী সরকার। যৌথভাবে প্রার্থনা সভাটি পরিচালনা করেন সিস্টার লিলি ও সিস্টার আরা।

Kumudini Hospital observed World Patient & Health Worker Day on 11 February 2017. Different wards of the hospital were decorated on the occasion. Nurses explained the importance of the day to the patients.

In the evening a special prayer was arranged at the nurses' school. Prayer songs were rendered along with recitation from the holy books. Candles were also lighted. Nurses of the hospital, patients undergoing treatment, teachers of the Kumudini Nursing School & College also participated. Shefali Sarker the Vice principal of Nursing School & College spoke on the occasion. The prayer meeting was jointly conducted by Sister Lily and Sister Anna.



কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজ সমাচার **News From Kumudini Women's Medical College**



Freshers' reception programme at Kumudini Women's Medical College. From left: Prof Dr Mir Sayedul Haq, Dr Dulal Chandra Podder, Prof Dr M A Halim, Mr Rajiv Prasad Shaha, Ms Protiva Mutsuddy, Mr Mahavir Pati and Prof Dr M A Jalil.

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে নতুন Freshers' Reception at Medical College সেশনের ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান

সম্প্রতি কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে দুই দফায় ২০১৬-২০১৭ সেশনের নবাগত এমবিবিএস ও বিডিএস কোর্সের ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান সম্পন্ন হয়েছে।

গত ৯ জানুয়ারি কলেজের বি পি পতি হলে অনুষ্ঠিত হয়েছে এমবিবিএস কোর্সের ছাত্রীদের এবং ৪ ফেব্রুয়ারি একই হলে অনুষ্ঠিত হয়েছে বিডিএস কোর্সের ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান। অনুষ্ঠানে ছাত্রীদের ফুল দিয়ে বরণ করা হয়।

কলেজ অধ্যক্ষ প্রফেসর ডা. এম এ হালিমের সভাপতিতে অনুষ্ঠিত উভয় দিনের অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক ও কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান রাজীব প্রসাদ সাহা। বিশেষ অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক অধ্যক্ষ প্রতিভা মুৎসুদ্দ।

এমবিবিএস কোর্সের নবাগত ছাত্রীদের উদ্দেশ্যে স্বাগত বক্তৃতা দেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ডা. মীর সায়েদুল হক এবং বিডিএস কোর্সের নবাগত ছাত্রীদের উদ্দেশ্যে স্বাগত বক্তৃতা দেন কলেজের ডেন্টাল ইউনিটের প্রধান অধ্যাপক ডা. নাফিজ উদ্দিন চৌধুরী। উভয়

Newly joined students belonging to the 2016-2017 session of MBBS and BDS courses were introduced at a ceremony. The ceremony for the MBBS course students was held on 9 January and that of the BDS course was held on 4 February. Both the ceremonies took place at B P Hall of the College.

Both the programmes were presided over by the Principal of College Prof Dr M A Halim while Mr Rajiv Prasad Shaha MD KWT as well as Chairman of the governing body of KWMC was the chief guest. Ms Protiva Mutsuddy was the special guest on the occasions.

Prof Dr Mir Sayedul Haque the Vice Principal of KWMC delivered the welcome address to the students of the MBBS course while Dr Nafizuddin Chowdhury head of the Dental Unit delivered the welcome address to the BDS students. On both the occasions the oath was administered by the academic adviser of the college Prof Dr M A Jalil.

On both the occasions Director Hospital Dr Dulal



দিনের পরিচিতি অনুষ্ঠানে ছাত্রীদের শপথ বাক্য পাঠ করান কলেজের একাডেমিক উপদেষ্টা প্রফেসর ডা. এম এ জলিল।

নবাগত ছাত্রীদের জন্য আয়োজিত দুটি অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্ধার এবং মেডিকেল কলেজের শিক্ষক-শিক্ষিকাবন্দ ও পরনো ছাত্রীদের কিছু অংশ। এছাড়া প্রথম দিনের পরিচিতি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দানবীর রণদা প্রসাদ সাহার দৌহিত্র মহাবীর পতি। এমবিবিএস কোর্সের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথি রাজীব প্রসাদ সাহা অভিভাবকদের উদ্দেশ্যে বলেন, 'প্রাণের চেয়েও প্রিয় সন্তানদের আপনারা আস্থার সঙ্গে কুমুদিনী মেডিকেল কলেজে ভর্তি করিয়েছেন। একথা বলতে পারি, আমাদের এখানে সব কিছুই কঠোর শৃঙ্খলার মধ্যে পরিচালিত হয়। আমাদের বড় শক্তি এই শৃঙ্খলা। বিশেষ অতিথি অধ্যক্ষ প্রতিভা মুৎসুদ্দি তাঁর বক্তৃতায় কুমদিনীর সংক্ষিপ্ত ইতিহাস তুলে ধরেন। অনুষ্ঠানের সভাপতি প্রফেসর ডা.এম এ হালিম বলেন, 'কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ছাত্রীদের শতকরা ৫০ ভাগই বিদেশী ছাত্রী। এদের মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক আবার ভারতের কাশ্মীর প্রদেশের এবং বাকিরা আমাদের পার্শ্ববর্তী রাষ্ট্র নেপাল থেকে আগত।

উভয় অনুষ্ঠানে নতুন ও সিনিয়র ছাত্রীরা বক্তৃতা করেন। এমবিবিএস কোর্সের অনুষ্ঠানে নবাগত ছাত্রীদের অভিভাবকদের পক্ষে বক্তৃতা করেন ভারতীয় নাগরিক মো. ইসফাক আহমেদ এবং বাংলাদেশী নাগরিক মেজর (অব.) আবুল কালাম জাহাঙ্গীর। বিডিএস কোর্সের নবাগত ছাত্রীদের অভিভাবকদের পক্ষে বক্তৃতা করেন মো. হাফিজুল ইসলাম। ছাত্রীরা পরিচিতি অনুষ্ঠানকে কেন্দ্র করে তাদের কলেজ ক্যাম্পাসকে নানা সাজে সজ্জিত করেন এবং আয়োজন করেন সাংস্কৃতিক অনুষ্ঠানের। প্রথম দিনের অনুষ্ঠানে কেবলমাত্র কলেজের শিল্পীরা সঙ্গীত পরিবেশন করলেও দ্বিতীয় দিনের অনুষ্ঠানে তারা ছাড়াও প্রখ্যাত লোকসঙ্গীত শিল্পী আক্রামুল ইসলাম সঙ্গীত পরিবেশন করে সকলকে মুগ্ধ করেন। তিনি পরিবেশন করেন হাছন রাজার গান।

বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান

গত ১৭-১৯ এপ্রিল অনুষ্ঠিত হয়েছে কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান। তিনদিনব্যাপী এ অনুষ্ঠানের উদ্বোধনী দিবস ও সমাপনী দিবসের সভাপতি ছিলেন যথাক্রমে কুমুদিনীর পরিচালক প্রতিভা মুৎসুদ্দি এবং কলেজের প্রিচ্চিপাল প্রফেসর ডা. এম এ হালিম।

খেলাধূলা ছাড়াও ছাত্রীদের মধ্যে প্রতিযোগিতার বিষয়গুলোর মধ্যে ছিল নৃত্য, সঙ্গীত, উপস্থিত বক্তৃতা, বিতর্ক, কবিতা আবৃত্তি, ছবি আঁকা ও ফ্যাশন শো। ফ্যাশন শো প্রতিযোগিতায় বাংলাদেশ, ভারত ও নেপালের ছাত্রীরা তাদের নিজ নিজ দেশের সংস্কৃতির ধারক প্রেমাক প্রদর্শন করেন।

প্রতিযোগিতা শেষে বিজয়ী ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।
সমাপনী অনুষ্ঠানে বিশিষ্টজনের মধ্যে উপস্থিত ছিলেন কলেজের
একাডেমিক উপদেষ্টা প্রফেসর ডা. এম এ জলিল, কুমুদিনী
হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদার, কলেজের মেডিসিন

Chandra Podder along with the teachers of the medical college were present. On the first day's programme Mr Mahavir Pati the grandson of R P Shaha was also present.

Addressing the parents of the MBBS students on the first day the chief guest Mr Rajiv Prasad Shaha said that "you have got your dear children admitted at this college where we maintain a high standard of discipline in everything that we do, in fact our strength is discipline". Ms Protiva Mutsuddy the special guest on the occasion spoke on the history of Kumudini Trust. While presiding over the function Prof. Dr. M A Halim said that almost 50% students of the college are foreigners. A majority is from India and the rest are from Nepal.

On both the occasions the new and old students spoke. On behalf of the guardians of the MBBS students Mr Md Ishfaq Ahmed an Indian citizen and Major (Retd) Abul Kalam Jahangir a Bangladeshi citizen spoke while on behalf of the guardians of the BDS students Mr Md Hafizul Islam delivered his speech.

To celebrate the occasion of freshers' reception the students of the college decorated the campus. They also arranged a cultural function. On the first day the students of the college alone performed but on the second day along with the students, songs were rendered by famous folk singer Akramul Islam. He presented songs of Hasan Raza.

Annual Sports & Cultural Programme

Annual Sports & Cultural program of Kumudini Women's Medical College (KWMC) was held from 17 to 19 April 2017. The chief guests during the 3 day long programme were Director KWT Ms Protiva Mutsuddy on the opening day and Prof Dr M A Halim Principal KWMC on the closing day respectively.

Including games and sports the competition included dance, music, impromptu speech, debate, painting and fashion show. In the fashion show event students from Bangladesh, India and Nepal displayed traditional dresses depicting their culture and tradition. On conclusion of the competition prizes were distributed among the winners.

The concluding ceremony was attended by dignitaries which included the academic adviser of KWMC Prof Dr M A Jalil, Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder, the Head of the Medicine Dept. Prof



প্রফেসর ডা. নাফিজউদ্দিন ও অন্যান্য শিক্ষকবন্দ।

বিভাগের প্রধান ডা. জাহাঙ্গীর কবির, ডেন্টাল ইউনিটের প্রধান Dr Jahangir Kabir, Head of the Dental Unit Prof Dr Nafis Uddin and other teachers.



Mr Rajiv Prasad Shaha, Chairman of the Governing Body of KWMC, inaugurating Reunion Programme of former students.

কলেজের প্রাক্তন ছাত্রীদের মিলনমেলা

গত ২১ এপ্রিল ছিল কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের ১৬ বছরের পূর্তি অনুষ্ঠান। এ উপলক্ষে কলেজের প্রাক্তন ছাত্রীদের এক মিলনমেলার আয়োজন করা হয়। তাদের সঙ্গে শরিক হয়েছিলেন কলেজের বর্তমান ছাত্রী-শিক্ষকবৃন্দ। এসেছিলেন আমন্ত্রিত সুধীবৃন্দ। জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশনের পর মেডিকেল কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান ও কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা বেলুন উড়িয়ে অনুষ্ঠানের শুভ সূচনা করেন। এ সময় তিনি সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং ট্রাস্টের প্রতিষ্ঠাতা শহীদ রণদা প্রসাদ সাহার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তাঁর সংক্ষিপ্ত বক্তৃতার পর শুভেচ্ছা বক্তব্য রাখেন ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও মহাবীর পতি, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার, কলেজের একাডেমিক উপদেষ্টা অধ্যাপক ডা. এম এ জলিল। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন কলেজ অধ্যক্ষ প্রফেসর ডা. এম এ হালিম।

এরপর শুরু হয় ব্যান্ডের তালে তালে বর্ণাঢ্য র্য়ালি। র্য়ালিটি কুমুদিনী কমপ্লেক্স প্রদক্ষিণ করে। নানা আয়োজন আর উৎসবমুখর পরিবেশে ভারতেশুরী হোমসের একদল ছাত্রী ঐতিহ্যবাহী সারিগানের সঙ্গে নৃত্য পরিবেশন করে। এতে আদিবাসী মান্দিনৃত্য পরিবেশন করে নার্সিং কুল এড কলেজ ছাত্রীবৃন্দ।

Reunion of Old Students

16th founding anniversary of KWMC was held on 21 April 2016. A grand reunion of former students was arranged on this occasion. They were joined by the present students and teachers as well as other invited guests.

After raising of the national flag and singing of the national anthem the programme was inaugurated through release of gas filled balloons by the Chairman of the Governing Body of the College and MD of KWT Mr Rajiv Prasad Shaha. During this he delivered a short speech and paid rich tributes to the founder of KWT Shaheed Ranada Prasad Shaha. This was followed by speeches from Directors of the Trust Ms Protiva Mutsuddy, Mrs Srimati Shaha and Mr Maha Vir Pati. Others who spoke on the occasion included Director of Kumudini Hospital Dr Dulal Chandra Podder and Academic Adviser of the College Prof Dr M A Jali. The programme was conducted by the Principal of the College Prof Dr M A Halim.

On this occasion a colourful rally was arranged which went round the Kumudini Complex with the band playing different tunes. The happy occasion included



এক পর্যায়ে মেডিকেল কলেজের ছাত্রীদের সঙ্গীত, নৃত্য ও নানা রঙের দিনগুলোর স্মৃতিচারণায় জমে ওঠে পুনর্মিলনী অনুষ্ঠান। এতে বিভিন্ন ব্যাচের প্রাক্তন ছাত্রীরা তাদের বন্ধু-বান্ধব, সহকর্মী ও অভিভাবকদের মধ্যে ভাব বিনিময় হয়। কুমুদিনী ক্যাম্পাসে দীর্ঘ ছয় বছর কাটানোর অভিজ্ঞতার বর্ণনার মধ্য দিয়ে প্রাক্তন ছাত্রীরা অনেক সুখ-দুঃখের কথা শোনান। নেপালী ছাত্রী অস্মিতা ও রাশনা, ভারতের কাশ্মিরী ছাত্রী আফসানা সামীরা, বাংলাদেশের ছাত্রী মুনমুন, সুস্মিতা, দেবারতি প্রত্যেকেই তাদের কলেজ জীবনের স্মৃতিময় দিনগুলোর কথা উল্লেখ করেন এবং এই কলেজে পড়ে চিকিৎসক হিসেবে তাদের জীবন গড়ে তুলতে পেরে নিজেদের জীবন ধন্য হয়েছে বলে জানান। প্রাক্তন মেডিকেল ছাত্রীদের মিলনমেলা উপলক্ষে Reunion 2017 নামে একটি মনোরম সচিত্র স্মরণিকা প্রকাশ করা হয়। এতে কুমুদিনী

chorus delivered by the students of Bharateswari Homes and traditional dance. The students of Nursing School & College displayed dance representing the indigenous community.

The former students were deeply engrossed in reminiscing their time at KWMC. Former and present students as well as parents and guardians mingled among themselves in exchanging greetings. Many of the former students spoke of their long 6 years of stay at KWMC which was full of joy and at times sorrow. Former students from Nepal, India and Bangladesh all expressed their happiness on being able to graduate as doctors and build their lives.

A colourful souvenir was also brought out on the



'KWMC Reunion-2017': a grand meet of the former students of Kumudini Women's Medical College held in the college premises.

ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লি. এর সংক্ষিপ্ত ইতিহাস, কলেজের গভর্নিং বিডির চেয়ারম্যান, বর্তমান অধ্যক্ষ, কুমুদিনী উইমেঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের পরিচালক, একাডেমিক উপদেষ্টার বাণী প্রকাশিত হয়। কলেজের গভর্নিং বিডির সদস্যদের ছবি ছাড়াও এতে স্থান পায় কলেজ শিক্ষকদের ছবি, কলেজ থেকে উত্তীর্ণ গ্রেজুয়েটদের ছবি ও তাদের বর্তমান কর্মস্থল ইত্যাদির বর্ণনা এবং ২০১৭ সালের ইন্টার্ন ডাক্তারদের ছবি।

occasion of Reunion 2017. The souvenir included a short history of KWT, messages from Chairman Governing Body of the College, present Principal, Director Kumudini Hospital and Academic Adviser. Picture of the students who had so far graduated from KWMC along with their present place of work, teachers of the college, intern doctors of 2017 session as well as members of the governing body were also published in the souvenir.



রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে নববর্ষ উদ্যাপিত

New Year Celebrated at Ranada Prasad Shaha University



Celebration of Bangla New Year: 1424 at RPSU campus.

বিপুল উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে নারায়ণগঞ্জে রণদা প্রসাদ সাহা
বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীবৃন্দ বাংলা
১৪২৪ সালকে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বাগত জানান।

পহেলা বৈশাখ (১৪ এপ্রিল)-এ আয়োজিত এ অনুষ্ঠানের সূচনা হয়
সকালে মঙ্গল শোভাযাত্রা দিয়ে। শোভাযাত্রাটি শুরু হয় শহরের চাষাড়া
মোড় থেকে। এতে অংশ নেয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী,
কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। মঙ্গল শোভাযাত্রাটি শহরের শীতলক্ষ্যা
এলাকায় অবস্থিত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পৌছার পর শুরু হয়
নববর্ষের মূল অনুষ্ঠান।

ক্যাম্পাসে সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত নববর্ষের অনুষ্ঠান চলে। এর মূল আকর্ষণ ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, কনসার্ট ও বৈশাখী মেলা। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায় সহ সকল শিক্ষক, ছাত্রছাত্রী, কর্মকর্তা ও কর্মচারী এতে অংশ নেন এবং অনুষ্ঠান উপভোগ করেন।

Bangla New Year 1424 was welcomed by the students, teachers, officers and employees of Ranada Prasad Shaha University (RPSU) amidst a lot of gaiety and fervour. The celebration mainly took place at RPSU campus.

The programme of Pahela Boishak (14 April) began with a colourful rally beginning from "Chashara More" and terminating at the university campus after parading through the main streets. This was participated by the students, teachers, officers and employees of RPSU.

The main programme was held at the campus from 10 in the morning and ended at 5 in the afternoon. The main attraction of the programme included cultural programme, concert and Boishakhi fair. The programme was attended by the Vice Chancellor of RPSU Prof Dr Manindra Kumar Roy, students, teachers, officers and employees.



ভারতেশ্বরী হোমস্ Bharateswari Homes



Dr Md Tawfiq-e-Elahi Chowdhury, Bir Bikram distributed prizes among the students for their achievements.

বার্ষিক মেধা পুরস্কার আনুষ্ঠানিকভাবে

গত ২ ফেব্রুয়ারি ভারতেশ্বরী হোমসে ছাত্রীদের মধ্যে বার্ষিক মেধা পুরস্কার বিতরণ করা হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ বিষয়ক উপদেষ্টা ড. মো. তৌফিক-ই-ইলাহী, বীর বিক্রম। বিশেষ অতিথি ছিলেন বীর মুক্তিযোদ্ধা আলহাজু মো. একাব্বর হোসেন, এমপি।

প্রধান অতিথির সন্মানে ছাত্রীরা মার্চ পাস্ট ও ডিসপ্লে প্রদর্শন করে। পরে হোমসের পিপিএম হলে তারা একটি বিচিত্রা অনুষ্ঠান পরিবেশন করে। সবশেষে প্রধান অতিথি মেধাবী ছাত্রীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। ড. মো. তৌফিক–ই–ইলাহী ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, 'শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার গোটা জীবন নিবেদিত ছিল মানব সেবায়। তোমরা তাঁরই প্রতিষ্ঠানের শিক্ষার্থী। নিজেদের গড়ে তোল দানবীরের আদর্শে, জাগিয়ে তোল নিজেদের মধ্যে অনুকরণীয় দেশাত্মবোধ।' ছাত্রীদের মেধা অনুসারে পুরস্কারের পাশাপাশি দেয়া হয় কুমুদিনী এ্যাওয়ার্ড, জয়া-বিফু বৃত্তি ও শৈল-কিরণ বৃত্তি।

যেসব ছাত্রী মেধানুসারে সরকারি বৃত্তি পায় এবং পরবর্তী বছরেও কৃতিত্ব অর্জন করে তাদেরকে কুমুদিনী এ্যাওয়ার্ড প্রদান করে উৎসাহিত করা হয়। এ বছর এই তালিকায় ছিল ২৩ ছাত্রী।

Annual Merit Award

The annual merit award of Bharateswari Homes was held on 02 February 2017. Hon'ble Prime Minister's Adviser on Energy, Power and Mineral Resources Dr M Tawfiq-e-Elahi Chowdhury was the chief guest on the occasion. Valliant freedom fighter Alhaj Ekabber Hossain, MP was the special guest.

The students of Bharateswari Homes put up a physical display and carried out march past in honour of the chief guest. This was followed by a cultural program arranged at the PPM Hall of the Homes. In the concluding part the chief guest distributed prizes amongst the winners.

While addressing the students Dr M Tawfiq-e-Elahi Chowdhury said that: "Shaheed philanthropist Ranada Prasad Shaha dedicated his entire life for the well being of the poor and needy and you are studying in one of his institutions. Build yourself in light of R P Shaha's principles and imbued yourselves with the spirit of love for your motherland". Along with prizes for merit, Kumudini Award, Joya-Bishnu and Shaila-Kiron scholarship were also awarded.

Those students who achieve government merit scholarship and also achieve the same in the following



দানবীর রণদা প্রসাদ সাহার কনিষ্ঠ কন্যা মিসেস জয়া পতি ও জামাতা ডা. বিফু পদ পতি। তাঁদের যৌথ নামে ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের মধ্যে প্রতি বছর ৯ মেধাবী ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়। কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি তাঁর মা বাবার নামে শৈল-কিরণ ফাউন্ডেশন গঠন করেন ২০০২ সালে। এই ফাউন্ডেশন থেকে এবারে ৪ মেধাবী ছাত্রীকে এককালীন বৃত্তি দেয়া হয়। মোট ২০০ ছাত্রী এই অনুষ্ঠানে পুরস্কার লাভ করে।

ভারতেশ্বরী হোমসের ছাত্রীদের উৎসাহিত করতে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা ও পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, কুমুদিনী কমপ্লেক্সের সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ ও কুমুদিনী হাসপাতালের চিকিৎসকবৃন্দ। স্বাগত বক্তব্য রাখেন প্রতিভা মুৎসুদ্দি। সমাপনী বক্তব্য রাখেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

বিশ্ব সাহিত্য কেন্দ্রের পুরস্কার বিতরণ

গত ২৮ মার্চ বিশ্বসাহিত্য কেন্দ্রের ভারতেশ্বরী হোমস্ শাখার ২০১৬ সালের বইপড়া কর্মসূচির পুরস্কার বিতরণ প্রতিষ্ঠানটির পিপিএম হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মির্জাপুর উপজেলার নির্বাহী কর্মকর্তা ইসরাত সাদমীন। ভারতেশ্বরী হোমস্ শাখার সংগঠক শিক্ষক হেনা সুলতানা পরিচালিত অনুষ্ঠানে ছাত্রীরা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। অনুষ্ঠানে হোমসের ১৪০ ছাত্রীকে পুরস্কৃত করা হয়।

year are given Kumudini Award. This year 23 students received Kumudini Award.

Mrs Joya Poti was the youngest daughter of philanthropist Ranada Prasad Shaha and her husband is Dr Vishnu Pati. In their honor a total of 9 students from Bharateswari Homes are provided with scholarship.

Director of KWT Ms Protiva Mutsuddy instituted Shaila-Kiron foundation in the name of her mother and father in 2002. This year four meritorious students received scholarship from this foundation. A total of 200 students received awards during this program.

In order to encourage the students those present on the occasion included MD KWT Mr Rajiv Prasad Shaha, Directors Srimati Shaha and Ms Protiva Mutsuddy, all the heads of the educational institution at Kumudini Complex and doctors of Kumudini Hospital. The welcome address was delivered by Ms Protiva Mutsuddy while the concluding speech was delivered by MD KWT Mr Rajiv Prasad Shaha.

Bishwa Sahitya Kendro Prize Distribution

Prize distribution ceremony of 'Book Reading Programme of the Bharateswari Homes branch of Bishwa Sahitya Kendro was held on 28 March 2017. Mirzapur Upazila Nirbahi Officer Ishrat Shadmin was the chief guest on the occasion. The students of Bharateswari Homes put up a colourful cultural function which was conducted by Hena Sultana' a teacher and organizer of the Bharateswari Homes



A student receiving a prize from the UNO of Mirzapur Mrs Ishrat Shadmin for her achievent in Book Reading Programme.



অনুষ্ঠানে প্রধান অতিথি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, তোমরাই জাতির ভবিষ্যৎ, লেখাপড়ার পাশাপাশি জ্ঞান অর্জনের জন্য বই পড়ার কোন বিকল্প নেই। তোমরা আলোকিত হও, তোমাদের আলোয় আলোকিত হবে বাংলাদেশ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক ভাষা সৈনিক প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দি, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা প্রতিভা হালদার ও শিক্ষক-শিক্ষিকামণ্ডলী। branch of Bishwa Sahitya Kendro.

The chief guest in her speech said that: "You are the future of this nation; there is no substitute to reading books for gathering knowledge. You become enlightened and thus enlighten Bangladesh". Those present on the occasion included Director KWT Principal Protiva Mutsuddy, Principal of Bharateswari Homes Protiva Halder and all teachers.

সাহিত্য ও সাংস্কৃতিক সপ্তাহ ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণ

Education & Cultural Week Prize Distribution Among Students



Prize winning students in the Education and Cultural Week programme with the chief guest Mr Emdadul Haq Milon.

গত ৩০ মার্চ ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে প্রতিষ্ঠানটির শিক্ষা ও সাংস্কৃতিক সপ্তাহ উপলক্ষে শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক কালের কণ্ঠের সম্পাদক ও কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলন। অপরাহেন আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও প্রতিভা মুৎসুদ্দী, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা প্রতিভা হালদার এবং শিক্ষা প্রতিষ্ঠানটির শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃদ্ধ।

অনুষ্ঠানে ১৮০ বিজয়ী ছাত্রীর হাতে পুরস্কার হিসেবে বই তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি। এ উপলক্ষে হোমসের ছাত্রীরা একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আগে কথা সাহিত্যিক ইমদাদুল হক মিলন মির্জাপুরে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট পরিচালিত শিক্ষা ও সেবা প্রতিষ্ঠানগুলো ঘুরে ঘুরে দেখেন এবং এসব দেখে অভিভৃত হন। এরই প্রতিফলন ঘটে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রদত্ত তাঁর On the occasion of Education & Cultural Week a prize distribution ceremony was arranged at the PPM Hall of Bharateswari Homes on 30 March 2017. Editor of Daily Kaler Konto & Writer Mr Emdadul Haq Milon was the chief guest. The programme arranged in the evening was attended by Directors of KWT Mrs Srimati Shaha and Ms Pritiva Mutsuddy, Principal of Bharateswari Homes Protiva Halder, teachers, students, officers and employees.

The chief guest handed over books to 180 winners. The students of the Homes presented a colourful cultural programme on the occasion.

Before the commencement of the prize distribution ceremony the chief guest went round the different educational and welfare institutions of KWT located within Kumudini Complex. He was very impressed and expressed his satisfaction during his speech at the





বক্তৃতায়। প্রধান অতিথির ভাষণে ইমদাদুল হক মিলন বলেন, সংস্কারমুক্ত সমাজ গঠনের স্বপ্ন দেখতেন রণদা প্রসাদ সাহা। তিনি বলতেন, ধর্ম একটাই আর সেটা হচ্ছে মানবধর্ম। তাই তো তিনি নিজের গড়া শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার্থীদের এই আদর্শের শিক্ষাই দিতে চেয়েছিলেন। প্রধান অতিথি বলেন, একজন মানুষ একক প্রচেষ্টায় দেশ ও সমাজের জন্য এতো কিছু ভালো কাজ করে গেছেন, তা এখানে না এলে আমার অজানাই থেকে যেত। এমন মানুষের জন্য আমরা গর্বিত। তিনি ছাত্রীদের উদ্দেশ্যে বলেন, তোমাদের বেশি করে বই পড়তে হবে। তোমরা বইয়ের আলোয় আলোকিত হলে দেশও আলোকিত হবে। এটাই আমাদের স্বপু।

বর্ষবিদায় ও বর্ষবরণ অনুষ্ঠান

গত ১৪ এপ্রিল পহেলা বৈশাখ উপলক্ষে ভারতেশ্বরী হোমস সেজেছিল বৈশাখী রঙে। সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে শত কণ্ঠে ধ্বনিত হয় রবি ঠাকুরের গান-নব আনন্দে জাগো আজি নব রবিকিরণে

শুভ্র সুন্দর প্রীতি-উজ্জ্বল নির্মল জীবনে।

সঙ্গীত, নৃত্য, বৃদ্দ আবৃত্তি ও নাট্যকার অধ্যাপক মমতাজ উদ্দীন আহমেদ রচিত 'সুখী মানুষ' নাটিকাটি পরিবেশনায় বাংলা বর্ষবরণ অনুষ্ঠানটি হয়ে ওঠে এক নির্মল আনন্দঘন অনুষ্ঠানে। এতে বক্তব্য রাখেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা ও প্রতিভা মুৎসুদ্দী, ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা প্রতিভা হালদার, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. দুলাল চন্দ্র পোদ্দার ও সুপারিনটেনডেন্ট ডা. প্রদীপ কুমার রায়।

অনুষ্ঠান শেষে বের হয় মির্জাপুরস্থ কুমুদিনীর সকল শিক্ষা ও সেবা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে মঙ্গল শোভাযাত্রা। শোভাযাত্রাটি কুমুদিনী চতুর প্রদক্ষিণ করে শেষ হয়। উল্লেখ্য, আগের দিন ১৩ এপ্রিল সন্ধ্যায় চৈত্র সংক্রান্তির দিন ভারতেশুরী হোমসে বাংলা ১৪২৩ সাল উপলক্ষে বর্ষবিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ছাত্রীরা 'ব্যর্থ প্রাণের আবর্জনা পুড়িয়ে ফেলে আগুন জ্বালো' শীর্ষক একটি গীতি আলেখ্য পরিবেশন করে।

এছাড়া প্রতি বছরের মতো এবারও নববর্ষ উপলক্ষে ছাত্রীরা একটি

দেয়াল পত্রিকা প্রকাশ করে। 🐞

function. In his speech the chief guest said that Ranada Prasad Shaha always dreamt of non communal society. R P Shaha used to say religion is one and that is humanity and therefore he preached that principle among the students of the institutions that he set up. He said that if had he not visited Kumudini complex he would not have known how a single individual could do so much for the society in one's lifetime. We are proud of such people. He advised the students to study more to enlighten themselves and thus enlighten the nation. This is our dream.

Bangla New Year's Programme

Bangla New Year's day was celebrated at Bharateswari Homes on 14th April 2017. The day began with singing of Tagore song in chorus at sunrise. Song, dance, drama, recitation were the main attractions of the day. The programme was addressed by MD KWT Mr Rajiv Prasad Shaha, Directors of KWT Mrs Srimati Shaha and Ms Protiva Mutsuddy, Principal Bharateswari Homes Protiva Halder, Director Kumudini Hospital Dr Dulal Chandra Podder and Superintendent of the Hospital Dr Prodip Kumar Roy.

On conclusion of the program a colourful rally was brought out. The rally paraded around Kumudini Complex.

The year 1423 was bid farewell on the day before i.e. 13 April. The students organized a dance drama on the occasion. As in the previous years the students brought out a wall magazine.



Students of Bharateshari Homes performing dance in a programme on Bangla New Year's day.



কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজে নবীনবরণ

Freshers' Reception at Kumudini Nursing School & College



Sister Rina Cruz, Principal of the Kumudini Nursing College, delivering welcome address in the freshers' reception programme.

গত ৯ ফেব্রুয়ারি মির্জাপুর কুমুদিনী কমপ্লেক্সের আনন্দ নিকেতন মিলনায়তনে অনুষ্ঠিত হয় কুমুদিনী নার্সিং স্কুল ও কলেজের নবাগত ছাত্রীদের নবীনবরণ অনুষ্ঠান।

উক্ত অনুষ্ঠানে বেসিক বিএসসি ইন নার্সিং কোর্সে ৫২ জন এবং ডিপ্লোমা ইন নার্সিং সাইস এন্ড মিডওয়াইফেরি কোর্সের ৬১ জন সহ সর্বমোট ১১৩ নতুন ছাত্রীকে সিনিয়র সেবিকা বোনেরা ফুল-চন্দন-রাখীর মাধ্যমে বরণ করে নেয়।

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন কলেজের অধ্যক্ষা সিস্টার রিনা ক্রুশ। এছাড়া বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষা শেফালী সরকার।

নবীনবরণ অনুষ্ঠানের প্রধান আকর্ষণ ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে নবীন প্রবীণ ছাত্রীরা স্বতঃস্ফৃর্তভাবে নাচ, গান, কমিক ইত্যাদি পরিবেশন করে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কলেজের শিক্ষকবৃন্দ, কুমুদিনী হাসপাতালের সেবক সেবিকা ভাই বোনেরা।

অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন ডিপ্লোমা ৩য় বর্ষের ছাত্রী তুলনা বৈরাগী ও ২য় বর্ষের ছাত্রী শান্তনা গোমেজ। Freshers' reception for the newly joined nursing students was held at the Ananda Niketan auditorium on 9 February 2017.

The newcomers were received with flowers by the senior students. A total of 113 new students which included 52 students in Basic BSc Nursing and another 61 students in Diploma in Nursing Science & Midwifery were welcomed.


Principal of the College Sister Rina Cruz delivered the welcome address. The Vice Principal Shefali Sarker also spoke on the occasion.

The main attraction of the programme was the cultural function. This was enthusiastically participated both by the old as well as the new students. Among others the teachers of the college and nurses of the hospital were present.

The programme was conducted by 3rd year Diploma student Tulana Boiragi and 2nd year student Shantana Gomez.



'ভাষা-সৈনিক ও শিক্ষাব্রতী প্রতিভা মুৎসুদ্দি' গ্রন্থের প্রকাশনা উৎসব



প্রচ্ছদ

গত ২২ এপ্রিল জাতীয় প্রেসক্লাব-এর কনফারেস লাউঞ্জে 'ভাষা-সৈনিক ও শিক্ষাব্রতী প্রতিভা মুৎসুদ্দি' গ্রন্থের প্রকাশনা উৎসব অনুষ্ঠিত হয়। এটি রচনা করেছেন ভারতেশ্বরী

প্রিঙ্গিপাল প্রতিভা মুৎসুদ্দির উপস্থিতিতে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক ড. রফিকুল ইসলাম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে মঞ্চে উপস্থিত ছিলেন মানবাধিকার কর্মী সুলতানা কামাল, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও শহীদ জায়া শিক্ষাবিদ শ্যামলী নাসরীন চৌধুরী। স্বাগত বক্তব্য পেশ করেন প্রকাশনা সংস্থা সাহিত্য প্রকাশ-এর কর্ণধার মফিদুল হক এবং ধন্যবাদ জ্ঞাপন করেন প্রকাশনা উৎসবের আয়োজক চাক উত্তম বভুয়া। প্রস্থের মোড়ক উন্মোচন পর্বে মঞ্চে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা।

হোমসের শিক্ষিকা হেনা সুলতানা।

Publication Ceremony of the Book on Educationist Protiva Mutsuddy

The publication ceremony of the book on Educationist Protiva Mutsuddy was held at the National Press Club premises on 22 April 2017. The book a entitled 'Bhasha-Sainik o Shikshabrati Protiva Mutsuddy' was written by Hena Sultana a teacher of Bharateswari Homes.

The programme was presided over by Prof Dr Rafiqul Islam in presence of Ms Protiva Mutsuddy. Those who were invited as special guests included Human Right activist Sultana Kamal, Director of KWT Srimati Shaha and Educationist Shyamoli Nasreen Chowdhury. The welcome address was delivered by the proprietor of Sahitya Prokash Mr Mofidul Haq while the organizer of the publication ceremony Mr Charu Uttam Barua delivered his thanks giving address. The unveiling of the book was attended by MD KWT Mr Rajiv Prasad Shaha.

All those present on the dais discussed on the book while the writer herself described the background of writing the book.



Ms Protiva Mutsuddy with the distinguished guests in the publication ceremony.



মঞ্চে উপবিষ্ট সকলে প্রিসিপাল প্রতিভা মুৎসুদ্দির কর্মময় জীবন ও প্রকাশিত গ্রন্থের ওপর আলোচনা করেন। লেখিকা স্বয়ং গ্রন্থ রচনার প্রেক্ষাপট বর্ণনা করেন।

অনুষ্ঠানের আকর্ষণীয় দিকটি ছিল ভাষা সৈনিক প্রিন্সিপাল প্রতিভা মুৎসুদ্দির স্মৃতিচারণমূলক বক্তৃতা। তাঁর মুখে দর্শক শ্রোতাগণ পিনপতন নিস্তন্ধতার মাঝে সেই সময়কার রাজনৈতিক ও সামাজিক পরিস্থিতির বর্ণনা শুনে মুগ্ধ হন। দর্শকদের মধ্যে সাংবাদিক চিত্রগ্রাহক ছাড়াও উপস্থিত ছিলেন মিস মুৎসুদ্দির উল্লেখযোগ্য সংখ্যক প্রাক্তন ছাত্রী এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ।

অনুষ্ঠানে আলোচ্য গ্রন্থ থেকে পাঠ করে শোনান মিস মুৎসুদ্দির প্রাক্তন ছাত্রী ডালিয়া আহমেদ। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন স্থিপ্পান বড়্য়া। উল্লেখ্য, মূল অনুষ্ঠান শুরুর পূর্বে প্রিসিপাল প্রতিভা মুৎসুদ্দির কর্মময় জীবন নিয়ে তৈরি একটি স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্য চিত্র প্রদর্শিত হয়। প্রামাণ্য চিত্রটি তৈরি করেন তাঁরই ছাত্রী অনুন্যা রুমা।

The main attraction of the programme was the speech of Ms Protiva Mutsuddy reminiscing her entire life. The attendees heard from her all about the socio-political condition prevailing in the country during the 50s and 60s. The programme was attended by a huge number of former students of Ms Protiva Mutsuddy.

Excerpt from the book was read out by Dalia Ahmed a former student of Ms Protiva Mutsuddy. The programme was presented by Snigdha Barua. Before the commencement of the main programme a short video clip on the life of Ms Protiva Mutsuddy was screened. The documentary was produced by her student Ananya Ruma.

কেপিএল এর নতুন ওষুধ

কুমুদিনী ফার্মা লিঃ (কেপিএল) সম্প্রতি অ্যাজমায় আক্রান্ত শিশুদের জন্য Pulmokast[®] 4 নামে একটি ট্যাবলেট বাজারজাত করেছে। চুষে খাওয়ার উপযোগী এই ট্যাবলেটটি ৬ মাস থেকে ৬ বছর বয়সের শিশুরা সেবন করতে পারবে।

উল্লেখ্য, একই রোগের জন্য কেপিএল এর Pulmokast[®] 10 নামে আরেকটি ওমুধ রয়েছে যা বয়স্কদের জন্য উপযোগী। •

New Medicine From Kumudini Pharma

Recently Kumudini Pharma Ltd (KPL) has marketed a new product named Pulmocast 4 in the form of tablet. The tablet is for children attacked by asthma. The tablet to be taken by licking is for children from 6 months to 6 years of age. A similar tablet manufactured by KPL and named Pulmocast 10 is for grown up patients.



Pulmokast®4





PHOTO FEATURE



March past and physical display by the students of Bharateswari Homes at Bangabandhu National Stadium on Independence and National Day.



Martyr Day and International Mother Language Day observed at Bharateswari Homes.



Annual Milad Mahfil at Bharateswari Homes.







Oath taking ceremony of members of the new Students Union of Bharateswari Homes.



Inanguration of annual sports of Bharateswari Homes.



Bhasha Sainik (activist of language movement) Ms Protiva Mutsuddy (4th from left), Director of KWT, was awarded recently by Bestway Group for her great achievement in our language movement. Other recipients are Bhasha Sainik artist Murtaza Bashir, freedom fighter Rafiqul Islam Bir Protik and freedom fighter Ferdousi Priyabhashini.





কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান

জানুয়ারি-এপ্রিল ২০১৭

Kumudini Hospital Treatment Statistics

| টিকাদান | ক্যুসাচ |
|---------|---------|
| 1-11-11 | |

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|-------------------|-----------|-------------|-------|--------|
| পোলিও | ৩৩৭ | ২৯৫ | ৩২৮ | 960 |
| টিটি | ১৩২ | ১২৬ | 696 | 787 |
| বিসিজি | 200 | ৯৬ | 229 | 202 |
| রুবেলা | 390 | ८४ | 200 | 292 |
| প্যান্টাভ্যালেন্ট | ৩৩৭ | ২৯৫ | ७२४ | 250 |
| পিসিভি | ७२० | 900 | ৪২৯ | ৩৩২ |

হাসপাতালে ভর্তিকৃত রোগী

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|-------|-----------|-------------|-------------|--------|
| ভর্তি | ৩৭২৪ | 0889 | 0980 | ৩৯৮৫ |

বহির্বিভাগে মোট রোগী

| জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|-----------|-------------|-------|---------------------|
| 225%5 | 22005 | ২৫৪৫৯ | <i>Podas</i> |
| ২২৮৯৮ | 22002 | 20802 | ২৫৯৩ |

হাসপাতালে মৃত্যু

| জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|-----------|-------------|-------|--------|
| ৬৮ | 90 | ৬৬ | 98 |

সার্জারি

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|-----------|-----------|-------------|-------|--------|
| মেজর | 89 | ৩৯ | 8b | ৩৯ |
| সেমি মেজর | ৫৬ | ৬৮ | ৬৪ | 86 |
| মাইনর | 808 | ৩৩১ | ৪৫৩ | ৩৪৬ |

অর্থোপেডিক্স

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|-----------|-----------|-------------|-------|--------|
| মেজর | ৩৫ | 20 | 86 | ৩৬ |
| সেমি মেজর | 89 | কত | ৬৪ | 90 |
| মাইনর | 808 | ৪৩৯ | ৩৯৪ | 888 |

নাক, কান, গলা

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|-------|-----------|-------------|-------|--------|
| মেজর | 26 | 26- | ৩৬ | ≥8 |
| মাইনর | 77 | ъ | 9 | 8 |

গাইনি

| THE STATE OF THE S | জানুয়ারি | যেক্রয়ারি | মার্চ | এপ্রিল |
|--|-------------------|------------|-------|--------|
| মেজর | ಅಂ | ১৬ | 90 | 00 |
| সেমি মেজর | 60 | 42 | 90 | 88 |
| মাইনর | · · · · · · · · · | 8 | 25 | ৫৯ |

অবসটেট্রিক্স

| | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|-----------|-----------|-------------|-------|--------|
| মেজর | ১৬৮ | 255 | 202 | 284 |
| স্বাভাবিক | ०७ | ৬৫ | 0 ल | ৮২ |

| চক্ষু অপারেশন | জানুয়ারি | ফেব্রুয়ারি | মার্চ | এপ্রিল |
|---------------|-----------|-------------|-------|--------|
| সর্বমোট | 282 | ২৬০ | ২৯৬ | ২৯৪ |

ফেব্রুয়ারি

250

205

মার্চ

220

99

এপ্রিল

200

298

জানুয়ারি

দন্ত অপারেশন

মধুপুর, টাঙ্গাইল

মধুপুর, টাঙ্গাইল

ফুলবাড়িয়া, ময়মনসিংহ

| মেজর | 208 | 224 | ১৩২ | 299 |
|--------------------------------|-----------|-----------|-------|--------|
| মাইনর | ٥ | Œ | 78 | ২২ |
| মাইনর অপারেশন বহির্বিভাগ | জানুয়ারি | ফ্বেয়ারি | মার্চ | এপ্রিল |
| বহিৰ্বিভাগ | 208 | 220 | ২৬০ | 900 |
| চক্ষু শিবির | | | | |
| ঠিকানা | মাস/তারিখ | পুরুষ | মহিলা | মোট |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | 9/5/2059 | 300 | 222 | 577 |
| মধুপুর, টাঙ্গাইল | 20/2/2029 | ৯৫ | ৬৫ | 260 |
| গাড়ো পাহাড়, মধুপুর, টাঙ্গাইল | 28/3/2039 | 20 | 20 | 20 |
| নেত্ৰকোনা | 05/5/2059 | 20 | ৬ | ১৬ |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | 9/2/2039 | 250 | 209 | 229 |
| মধুপুর, টাঙ্গাইল | 20/2/2029 | 200 | 24 | 220 |
| বানাইল, মির্জাপুর | 26/2/2059 | pa | ৬৫ | 200 |
| ফুলবাড়িয়া, ময়মনসিংহ | 9/0/2039 | 200 | ьо | 200 |
| কাউলতিয়া, গান্ধীপুর | 8/0/2019 | ২৬ | 20 | 62 |
| | - | | | |

20/0/2029

b/8/2019

26/8/2029

January-April 2017

Vaccination Programme

| vaccination r rogram | January | February | March | April |
|----------------------|---------|----------|-------|-------|
| Polio | 337 | 295 | 328 | 315 |
| T.T | 132 | 126 | 159 | 141 |
| B.C.G. | 130 | 96 | 117 | 131 |
| Robela | 170 | 91 | 165 | 171 |
| Pantavalent | 337 | 295 | 328 | 315 |
| PCV | 320 | 305 | 429 | 332 |

Patient Admitted in Hospital

| | January | February | March | April |
|-----------|---------|----------|-------|-------|
| Admission | 3724 | 3447 | 3740 | 3985 |

Out Patient

| | January | February | March | April |
|---|---------|----------|-------|-------|
| 8 | 22898 | 22351 | 25459 | 25937 |

Patient Death in Hospital

| January | February | March | April |
|---------|----------|-------|-------|
| 68 | 75 | 66 | 74 |

Operation

| Surgery | | | | |
|------------------|---------|----------|-------|-------|
| - www.metanoceco | January | February | March | April |
| Major | 47 | 39 | 48 | 39 |
| Semi Major | 56 | 68 | 64 | 48 |
| Minor | 454 | 331 | 394 | 346 |

Orthopaedics

| | January | February | March | April |
|------------|---------|----------|-------|-------|
| Major | 35 | 25 | 48 | 36 |
| Semi Major | 43 | 39 | 64 | 30 |
| Minor | 434 | 439 | 394 | 444 |

E.N.T.

| | January | February | March | April |
|-------|---------|----------|-------|-------|
| Major | 28 | 18 | 36 | 24 |
| Minor | 11 | 8 | 3 | 9 |

Gynae

| | January | February | March | April |
|------------|---------|----------|-------|-------|
| Major | 30 | 16 | 35 | 50 |
| Semi Major | 50 | 52 | 35 | 44 |
| Minor | 5 | 4 | 12 | 59 |

Obstetrics

| | January | February | March | April |
|--------|---------|----------|-------|-------|
| Major | 168 | 122 | 158 | 145 |
| Normal | 90 | 65 | 93 | 82 |

| Eye Operation | January | February | March | April |
|---------------|---------|----------|-------|-------|
| Total | 242 | 260 | 296 | 294 |

Dental

| Dental Operation | January | February | March | April |
|------------------|---------|----------|-------|-------|
| Major | 134 | 115 | 132 | 195 |
| Minor | 3 | 5 | 14 | 22 |

| Minor Operation | January | February | March | April |
|-----------------|---------|----------|-------|-------|
| Out Patient | 204 | 225 | 260 | 350 |
| Eva Comm | | | | |

Eye Camp

| Address | Month/Date | Male | Female | Total |
|------------------------------|------------|------|--------|-------|
| Fulbaria, Mymensingh | 7/1/2017 | 100 | 111 | 211 |
| Modhupur, Tangail | 15/1/2017 | 95 | 65 | 160 |
| Garo Pahar Modhupur, Tangail | 24/1/2017 | 15 | 10 | 25 |
| Netrakona | 31/1/2017 | 10 | 6 | 16 |
| Fulbaria, Mymensingh | 7/2/2017 | 120 | 107 | 227 |
| Modhupur, Tangail | 25/2/2017 | 130 | 95 | 225 |
| Banayle, Mirzapur | 26/2/2017 | 85 | 65 | 150 |
| Fulbaria, Mymensingh | 7/3/2017 | 100 | 80 | 180 |
| Kaultia, Gazipur | 9/3/2017 | 26 | 25 | 51 |
| Modhupur, Tangail | 15/3/2017 | 120 | 100 | 220 |
| Fulbaria, Mymensingh | 8/4/2017 | 120 | 110 | 230 |
| Modhupur, Tangail | 15/4/2017 | 102 | 77 | 179 |

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024 e-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website: www.kumudini.org.bd

